

Model Activity Task
Geography and Environment
Class – VI

অধ্যায় : জল-স্থল-বাতাস

১. নীচের বিকল্পগুলি থেকে সঠিক বিকল্পটি বেছে নিয়ে উত্তরটি লেখো :
 - ক) বাতাসে ধূলোর কণায় সূর্যরশ্মি প্রতিফলিত হয়ে বিচ্ছুরিত হলে আকাশের রঙ হয়— নীল/সাদা/কালো/ধূসর।
 - খ) জলপ্রবাহ, বৃষ্টিপাত, ভৌমজল ও বাষ্পীভবন এদের সঠিক ক্রমে লিখলে যে প্রবাহপথটি তৈরী হবে, তা হলো—
জলপ্রবাহ → বাষ্পীভবন → বৃষ্টিপাত → ভৌমজল → জলপ্রবাহ/
বাষ্পীভবন → ভৌমজল → বৃষ্টিপাত → জলপ্রবাহ → ভৌমজল/
বৃষ্টিপাত → বাষ্পীভবন → ভৌমজল → বৃষ্টিপাত → জলপ্রবাহ/
ভৌমজল → বৃষ্টিপাত → ভৌমজল → জলপ্রবাহ → বাষ্পীভবন
২. অতি সংক্ষেপে উত্তর লেখো :
 - ক) ‘বারিমণ্ডল’ বলতে কী বোঝায় ?
 - খ) ‘মহাদেশ সঞ্চরণ’ কাকে বলে ?
৩. তোমরা জান মহাদেশগুলি বছরে ২ থেকে ২০ সেমি করে সরে যায়। এরকমভাবে ক্রমাগত সরে যেতে থাকলে আরো ১০ কোটি বছর পর পৃথিবীতে কী কী ঘটতে পারে বলে তোমার মনে হয়?
৪. বিশ্ব উষ্ণায়ন কীভাবে ঘটে তা সংক্ষেপে ব্যাখ্যা করো।
৫. বায়ুমণ্ডলের একটি উল্লম্ব চিত্র অঙ্কন করো, যেখানে উচ্চতার উল্লেখ করে ভূ-পৃষ্ঠ থেকে উর্ধ্ব বায়ুমণ্ডলের ৪টি স্তরকে এবং স্তরগুলির অন্তর্বর্তী অঞ্চলকে দেখাতে হবে।